

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
বাজেট পরিকল্পনা-১



অর্থ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার দাখিলকৃত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর ২০২২) এর ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মুন্সী আবদুল আহাদ যুগ্ম সচিব
সভার তারিখ	২৩/০১/২০২৩
সভার সময়	বেলা ০৩.০০ ঘটিকা
স্থান	কক্ষ নং- ১৬০১, ভবন নং-১১, অর্থ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট-‘ক’।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর অর্থ বিভাগের উপসচিব (বাজেট ও পরিকল্পনা-১) জনাব এ বি এম ইফতেখারুল ইসলাম খন্দকার অর্থ বিভাগের আওতাধীন দপ্তর হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর ২০২২) অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। বিভিন্ন কার্যক্রমের বিপরীতে উল্লিখিত প্রতিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকৃত অর্জনের ওপর গুরুত্ব আরোপ করা হয়। আলোচ্যসূচির বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

০২। বিস্তারিত পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
০১.	ই-ফাইলিং কার্যক্রমটি এখনো চালু করা হয়নি। ই-ফাইলিং কার্যক্রম চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০২.	৪র্থ শিল্প বিপ্লবেব সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৩.	৪র্থ শিল্প বিপ্লবেব সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৪.	তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত প্রমাণকসমূহের স্ক্রিনশট প্রেরণ করতে হবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৫.	কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হয়নি। যথাসময়ে আয়োজন সম্পন্ন করতে হবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৬.	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়ের প্রমাণক হিসেবে iBAS++ রিপোর্ট প্রেরণ করতে হবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৭.	দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ নির্ধারিত সময়ের মধ্যে পরিদর্শন করতে হবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৮.	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে এবং সংশ্লিষ্ট সকল প্রমাণক আগামী ২৯/০১/২০২৩ তারিখের মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়

০৩। পরিশেষে, সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মুন্সী আবদুল আহাদ
যুগ্ম সচিব

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০৮৯.০৫.০০২.২২.১৩

তারিখ: ১২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ২) একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ
- ৩) উপসচিব, প্রশিক্ষণ শাখা, অর্থ বিভাগ
- ৪) উপ সচিব, প্রশাসন-২ শাখা, অর্থ বিভাগ
- ৫) উপ-সচিব, প্রশাসন-৪ শাখা, অর্থ বিভাগ
- ৬) উপসচিব, প্রশাসন-১ শাখা, অর্থ বিভাগ
- ৭) উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৮) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, অর্থ বিভাগ
- ৯) সিস্টেম এনালিস্ট, এফ এস এম ইউ, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও টিডিএম, অর্থ বিভাগ
- ১১) ব্যক্তিগত কর্মকর্তা, বাজেট ও পরিকল্পনা, অর্থ বিভাগ
- ১২) অফিস কপি



এবিএম ইফতেখারুল ইসলাম খন্দকার
উপসচিব